দৈনিক বাংলা

6

তারিখ 18 DEC 1995
পৃষ্ঠা 6 কলাম 7

# ভর্তির সমস্যা

স্কুলে ভর্তির মওসুম শুরু হয়ে গেছে। এখন ডিসেম্বর মাস অর্থাৎ বছর শেষ হতে চলেছে। আগে বছর শুরুতে ভর্তি পরীক্ষা হত। কিন্তু ভর্তিচ্ছু ছাত্রছাত্রীর ভিড় সামাল দেবার জন্য এখন স্কুলগুলি বছর শুরু হবার আগেই ভর্তির তোড়জোড় আরম্ভ করে। দৈনিক বাংলার রিপোর্টে রাজধানীর নামকরা স্কুলগুলিতে ভর্তির আয়োজন সম্পর্কে বিস্তারিত বিবরণ দেয়া হয়েছে। নামকরা স্কুলে ভিড় অস্বাভাবিক বেশী। উদয়ন, সেন্ট যোসেফ ইত্যাদি স্কুলে সিটসংখ্যার চেয়ে চার–পাঁচগুণ বেশী ছাত্রছাত্রী পরীক্ষা দিতে আসে। ভর্তি ফিও বেশ বেশী। তবু ভিড়ের কমতি নেই।

স্কুলে ভর্তিকে কেন্দ্র করে যে উৎসাহ–উদ্দীপনা ও আয়োজন তা দেখে আশাবাদী হওয়া যায়, আবার খানিকটা উদ্বেগও জাগে। শিক্ষা সম্পর্কিত আগ্রহ ব্যাপক মানুষের মধ্যে ছড়িয়ে পড়েছে। ভবিষ্যতে আমাদের শিক্ষাগত অবস্থায় অর্থাৎ শিক্ষার হারে এর প্রভাব প্রতিফলিত হবে বলেই আশা করা যায়। এ আনন্দের খবর। কিন্তু এই পরিস্থিতিকে কাঙ্ক্ষিত লক্ষ্যে এগিয়ে নেবার মত আয়োজন আমাদের দেশের শিক্ষা ব্যবস্থায় আছে কিনা সেও বিবেচনার বিষয়। দৈনিক বাংলার রিপোর্টে বলা হয়েছে, প্রতি বছর প্রায় এক লাখ ছেলে–মেয়ে রাজধানীর নামকরা স্কুলগুলিতে ভর্তি হতে আসে। কিন্তু প্রথম, তৃতীয় ও ষষ্ঠ শ্রেণীর জন্য এসব স্কুলে গড়ে সিট থাকে ৮ থেকে ১২ হাজার। এবার ভর্তিচ্ছু ছেলে–মেয়ের সংখ্যা বেড়েছে। বছর বছর তা বৃদ্ধি পাবারই কথা। এ পরিস্থিতিতে কি করণীয় তা অবশ্যই ভাবনার বিষয়।

একটা বিষয় লক্ষ্য করতে হবে, রাজধানীতে স্কুলের সংখ্যা যে খুব কম তা বলা যাবে না। তবে ভাল স্কুলের সংখ্যা চাহিদার তুলনায় কম। প্রত্যেক পিতামাতাই তার সন্তানকে একটা ভাল স্কুলেই ভর্তি করতে চান। এই চাওয়া কোন দোষের বিষয় নয়। মাঝে মাঝে বিশেষ স্কুলের প্রতি যুক্তিহীন পক্ষপাত দেখা যায় ঠিকই। তবে লেখাপড়া হয় না, শিক্ষক নেই এমন স্কুলে কেউ সন্তানদের ভর্তি করতে না চাইলে অযৌক্তিক কাজ করছেন বলা যাবে না।

নগরীতে নামকরা কয়েকটি স্কুলে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের ভিড় যেমন বেশী, তেমনি অনেক স্কুল আছে যেখানে ছাত্র পাওয়া যায় না। এ এক দ্বন্দ্বমূলক অবস্থা। এ দ্বন্দ্বের অবসান ঘটাবার উপায় একটাই—সাধারণ স্কুলগুলির লেখাপড়ার মান উন্নত করে সেখানে শিক্ষার আদর্শ পরিবেশ গড়ে তোলা। দেশের সব স্কুলের লেখাপড়ার মান সম্পূর্ণ এক রকম হওয়া হয়ত সম্ভব নয়। তবে তা কাছাকাছি হতে হবে। এখন বিভিন্ন স্কুলের শিক্ষার মানে যে আসমান–জমিন পার্থক্য তা ভর্তি সমস্যার জন্য অনেকখানি দায়ী। সাধারণ স্কুলগুলিতে শিক্ষার মান উন্নত হলে ভর্তি সমস্যা লঘু হবে বলে আমরা আশা করি।